

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

সারিইয়া বাশীর বিন সা'দ (سرية بشير بن سعد الأنصاري)

৭ম হিজরীর শা'বান মাস। খায়বরের ফাদাক অঞ্চলের সীমান্তবর্তী বনু মুররাহ গোত্রের বিরুদ্ধে বাশীর বিন সা'দ আনছারীর নেতৃত্বে ৩০ জনের এই সেনাদল প্রেরিত হয়। তিনি সেখানে পৌঁছে কাউকে না পেয়ে কিছু গবাদিপশু নিয়ে মদীনা অভিমুখে রওয়ানা হন (আর-রাহীক ৩৮৩ পৃঃ)। কিন্তু রাত্রি বেলায় শক্রদল পশ্চাদ্ধাবন করে তাদের উপরে অতর্কিতে হামলা করে। এমন সময় তাদের তীর ফুরিয়ে যাওয়ায় সবাই শহীদ হয়ে যান। দলনেতা বাশীর বিন সা'দ আহত অবস্থায় ফাদাকে নীত হন এবং এক ইহুদীর নিকটে অবস্থান করেন। পরে সুস্থ হয়ে মদীনায় ফিরে আসেন।[1] উল্লেখ্য যে, ফাদাকের ইহুদীদের সাথে ৭ম হিজরীর মুহাররম মাসে খায়বর যুদ্ধের সময় সিদ্ধিচুক্তি স্বাক্ষরিত হয়েছিল।

## ফুটনোট

[1]. যাদুল মা'আদ ৩/৩১৬; ইবনু সা'দ ২/৯১।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5564

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন